



## প্রকাশিত হল নতুন দুটি অ্যালবাম

30 Dec 2012 01:01:46 PM Sunday BdST

বিনোদন



প্রতিবেদক

বাংলানিউজটোয়েন্টিফোর.কম

সংগীতশিল্পী সাদি মহম্মদ ও অমিয়া মতিনের যৌথ অ্যালবাম বাজারে এসেছে ২৯ ডিসেম্বর। 'কে প্রথম কাছে এসেছি' নামের এই অ্যালবামটি প্রকাশ করেছে সেলুলয়েড প্রডাকশন। মাকসুদ জামিল মিন্টু এর সংগীত আয়োজন করেছেন।

একই দিনে অমিয়া মতিনের দশম একক অ্যালবাম 'অন্তবিহীন রাত্রি'ও বাজারে এসেছে। এই অ্যালবামের সুর ও সংগীত পরিচালনা করেছেন শেখ সাদী খান। এটি প্রকাশ করেছে কাশফুল মিডিয়া।

২৯ ডিসেম্বর সন্ধ্যায় ঢাকার বেইলি রোডের ক্যাফে থার্মি-থ্রি তে অ্যালবাম দুটির মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শেখ সাদী খান, শহীদুল্লাহ ফরায়েজী, সাদি মহম্মদ, দিলরুবা খান, বাসুদেব ঘোষসহ প্রমুখ।

বাংলাদেশ সময় : ১২৪৪ ঘণ্টা, ডিসেম্বর ৩০ , ২০১২

জিআর

---

বাংলানিউজটোয়েন্টিফোর.কম এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন  
মিডিয়া হাউজ, প্লট#৩৭১/এ (৩য় তলা), ব্লক#ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯,  
বাংলাদেশ  
নিউজরুম মোবাইল ফোন: +৮৮-০১৭২৯০৭৬৯৯৬, ০১৭২৯০৭৬৯৯৯, ০১৭২৯০৭৭৩৩০,  
০১৭২৯০৭৬৯৫৪ ফোন: +৮৮০ ২ ৮৪০২১৮১-২ আই.পি. ফোন: +৮৮০-৯৬১২১২০০০০ ফ্যাক্স: +৮৮০  
২ ৮৪০ ২৩৪৬  
ইমেইল: news.bn24@gmail.com, news@banglanews24.com (সেন্ট্রালডেস্ক)  
corr.bn24@gmail.com (কান্ট্রিডেস্ক), editor@banglanews24.com (এডিটর-ইন-চিফ)  
বাংলায় লেখা হলে ইউনিকোডে পরিবর্তন করে ইমেইল করুন একটি ইউনিকোডএমজিএল প্রতিষ্ঠান  
কপিরাইট © 2013 banglanews24.com সকল স্বত্ব ® সংরক্ষিত